

শোক বার্তা

আমরা গভীর দুঃখ ও ভারাক্রান্ত হৃদয়ে জানাচ্ছি যে, নোয়াখালী জেলার অন্তর্গত কবিরহাট উপজেলাধীন ১নং নরোত্তমপুর ইউনিয়নের কৃতি সন্তান, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট রাজনীতিবিদ, সমাজ সেবক ও শিক্ষানুরাগী, ১নং নরোত্তমপুর ইউনিয়নের দু'দুবারের নির্বাচিত সাবেক সফল চেয়ারম্যান এবং কবিরহাট উপজেলার সাবেক ভাইস-চেয়ারম্যান, উপ-মহাদেশের বিখ্যাত অলিয়ে কামেল ছনখোলা দরবেশ সাহেব হুজুরের ঐতিহ্যবাহী ওয়াক্ফস্টেট কমপ্লেক্স এর আওতাধীন ছনখোলা দরবেশ সাহেব হুজুরের এতিমখানা ও ছনখোলা আলামিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার কার্যকরি কমিটির সম্মানিত সভাপতি, জনাব, মফিজ উল্যাহ বি. কম বিগত ০২/১০/২০২০খ্রি: তারিখ রোজ শুক্রবার দিবাগত রাত আনুমানিক ২.৩০ মিনিটে উনার নিজ বাসভবনে ইস্তেকাল করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি একজন সৎ, দক্ষ ও নিষ্ঠাবান রাজনীতিবিদ ছিলেন। তাঁর এমত মৃত্যুতে আমরা ছনখোলা দরবেশ সাহেব হুজুরের ওয়াক্ফস্টেট কমপ্লেক্স পরিবারের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করত: মরহুমের বিদেহী আত্মার সর্বোচ্চ মাগফেরাত কামনার মধ্য দিয়ে তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি অকৃত্রিম ভালোবাসা ও গভীর সমবেদনা জ্ঞাপন করছি। এ শোক ও শূন্যতা ধৈর্য্যের সাথে মোকাবেলা করার জন্যে মহান রাব্বুল আলামিনের নিকট প্রার্থনা করছি।

পরিশেষে মহান আরশের মালিক আল্লাহ রাব্বুল আলামিন যেন উনাকে জান্নাতের সুউচ্চ মাক্কাম দান করেন।

আমিন।